

ইউএস-বাংলা বহরে যুক্ত হলো ব্র্যান্ডনিউ এটিআর

- A Monitor Desk Report

Date: 04 February, 2024



ঢাকা: ইউএস-বাংলা এয়ারলাইন্সের বিমানবহরে যুক্ত হয়েছে ১০ম ব্র্যান্ডনিউ এটিআর ৭২-৬০০। এয়ারক্রাফটটি শনিবার (৩ ফেব্রুয়ারি) বিকেল ৪টা ৩৫ মিনিটে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে।

এয়ারক্রাফটটি আনুষ্ঠানিকভাবে গ্রহণ করেন ইউএস-বাংলার চিফ এক্সিকিউটিভ অফিসার ক্যাপ্টেন লুৎফর রহমান। আনুষ্ঠানিকভাবে গ্রহণ করার আগে নতুন সংযোজিত এয়ারক্রাফটকে বিমানবন্দরে ওয়াটার ক্যানন প্রদান করা হয়।

ইউএস-বাংলা এয়ারলাইন্স জানায়, এয়ারবাস ও এটিআর কোম্পানির যৌথ সমন্বয়ে ব্র্যান্ডনিউ এটিআর ৭২-৬০০ এয়ারক্রাফট তৈরি করা হয়েছে। যার বর্তমান বাজার মূল্য প্রায় ২৮৩ কোটি টাকা। ভারতের ইন্ডিগো, উইংস এয়ার, এয়ার নিউজিল্যান্ড, ব্যাংকক এয়ারওয়েজ, ইরান এয়ারসহ বিশ্বের বিখ্যাত অনেক এয়ারলাইন্স রিজিওন্যাল রুটে ফ্লাইট পরিচালনার জন্য এটিআর ৭২-৬০০ ব্যবহৃত হয়ে থাকে।

নিজস্ব অর্থায়নে কেনা নতুন যুক্ত হওয়া এটিআর ৭২-৬০০সহ মোট ২১টি এয়ারক্রাফট রয়েছে ইউএস-বাংলা এয়ারলাইন্সের বহরে। এর মধ্যে ৮টি বোয়িং ৭৩৭-৮০০, ১০টি এটিআর ৭২-৬০০ ও তিনটি ড্যাশ ৮-কিউ৪০০ এয়ারক্রাফট। ২০১৪ সালের ১৭ জুলাই দু'টি ড্যাশ৮-কিউ৪০০ এয়ারক্রাফট নিয়ে যাত্রা শুরু করে ২১টি এয়ারক্রাফট দিয়ে বহরকে সমৃদ্ধ করেছে ইউএস-বাংলা। আগামী ৩ মাসের মধ্যে ইউএস-বাংলার বহরে দুটি এয়ারবাস ৩৩০ এয়ারক্রাফট যুক্ত করার পরিকল্পনা রয়েছে।

নতুন এটিআর ৭২-৬০০ এয়ারক্রাফটটি ফ্রান্সের ব্লাগনাক এয়ারপোর্ট থেকে মিশরের কায়রো হয়ে দুবাই থেকে ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে অবতরণ করে। এটিআর ৭২-৬০০ এয়ারক্রাফটে মোট ৭৮টি আসন রয়েছে। যা দিয়ে ভবিষ্যৎ পরিকল্পনার অংশ হিসেবে বিভিন্ন অভ্যন্তরীণ রুট ও কলকাতায় ফ্লাইট পরিচালনা করা হবে।

ইউএস-বাংলা এয়ারলাইন্স বর্তমানে অভ্যন্তরীণ সব রুটসহ আন্তর্জাতিক রুট কলকাতা, চেন্নাই, মালে, মাস্কট, দোহা, দুবাই, শারজাহ, ব্যাংকক, কুয়ালালামপুর, সিঙ্গাপুর ও গুয়াংজু রুটে নিয়মিত ফ্লাইট পরিচালনা করে আসছে।

নতুন যুক্ত হওয়া এয়ারক্রাফটটি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ইউএস-বাংলা এয়ারলাইন্সের উর্ধ্বতন কর্মকর্তারা আনুষ্ঠানিকভাবে গ্রহণ করেন। এয়ারক্রাফটটি গ্রহণ করার সময় ইউএস-বাংলা এয়ারলাইন্সসহ দেশের এভিয়েশনের মঞ্জলকামনা করে প্রার্থনা করা হয়।

-B